# এক নজরে মিডল্ স্কুলে ভর্তি

**স্বাগতম! মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়া কীভাবে খোঁজ-খবর নেবেন সেবিষয়ে সহায়তা লাভে এই উপরিচিত্রটি ব্যবহার করুন। এখানে রয়েছে কখন, কী করতে হবে:**

## সেপ্টেম্বর

- ☐ মিডল্ স্কুলের বিকল্পসমূহ আলোচনা করতে, আপনার সন্তানের স্কুল কাউন্সেলরের সাথে মিলিত হোন, এবং আপনার মিডল্ স্কুল ভর্তির গাইডের কপিটি সংগ্রহ করুন।
- ☐ হেমন্তকালের (ফল) জন্য আপনার ভর্তির ক্যালেন্ডার পরিকল্পনা করুন। ওপেন হাউস এবং মিডল্ স্কুল ভর্তি মেলার তারিখ, সময়, এবং স্থান খুঁজে নিতে **schools.nyc.gov/Middle** সাইট দেখুন। ওপেন হাউসগুলি সম্পর্কিত সর্বশেষ হালনাগাদ তথ্য পেতে, স্কুলগুলির সাথে সরাসরি যোগাযোগ করুন।

## অক্টোবর-নভেম্বর

- ☐ অক্টোবরে, আপনি একটি চিঠি পাবেন যেখানে বলা থাকবে, আপনি **MySchools.nyc**-সাইটে কীভাবে আপনার সন্তানের আবেদনটি দেখতে পাবেন। আপনার অ্যাকাউন্টে লগ ইন করার পর, আপনি যা যা করতে পারবেন:
  - আপনার সন্তানের মিডল্ স্কুল অপশনগুলো অন্বেষণ করতে পারবেন—যেসব প্রোগ্রামে আপনার সন্তান আবেদন করার যোগ্য সেগুলো অপশন হিসেবে উল্লিখিত হবে।
  - আপনি যেসব প্রোগ্রাম পছন্দ করছেন সেগুলোর নামের পাশের তারকাটিতে ক্লিক করে সেভ করুন।
  - আপনার আবেদনপত্রে প্রোগ্রাম যোগ করা শুরু করুন। আপনি সর্বোচ্চ 12টি প্রোগ্রামে আবেদন করতে পারবেন।
- ☐ আপনার সন্তানকে সাথে করে মিডল্ স্কুল ফেয়ারে অংশ নিন!
- ☐ ওপেন হাউসে অংশগ্রহণ করুন।
- ☐ আপনার সন্তানের আবেদনের জন্যে একটি তালিকা তৈরী করতে, তার বর্তমান স্কুলের কাউন্সেলরের সাথে কাজ করুন। আপনার জোনভুক্ত স্কুল আছে কিনা দেখুন **schools.nyc.gov/Find-a-School** সাইটে অথবা **311**নম্বরে ফোন করে।

## ডিসেম্বর

- ☐ **2 ডিসেম্বর, 2019-তারিখের মধ্যে আপনার মিডল্ স্কুলের আবেদন জমা দিন।**
- ☐ তিনটি পদ্ধতির যেকোনো একটিতে আবেদন করুন:
  - অনলাইনে **MySchools.nyc**—ঠিকানায় “Submit Application” (সাবমিট অ্যাপ্লিকেশন)-এ ক্লিক করুন।
  - আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের মাধ্যমে
  - একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে কথা বলুন - **schools.nyc.gov/WelcomeCenters** ওয়েবসাইট থেকে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের ঠিকানা জেনে নিন।
- ☐ আপনার আবেদনপত্রে, আপনার সন্তান যে প্রোগ্রামগুলোতে ভর্তি হতে ইচ্ছুক সেগুলো আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে তালিকাভুক্ত করুন। আপনার প্রথম পছন্দটি শীর্ষে #1 হিশেবে, দ্বিতীয় পছন্দটি #2 – এভাবে পছন্দগুলো ক্রমানুসারে তালিকাভুক্ত করুন। আপনি প্রথম অথবা বারতম কোথায় তালিকাভুক্ত করেছেন স্কুলগুলো তা দেখতে পাবে **না**।

## মার্চ

- ☐ **মার্চ 2020-এ** সকল আবেদনকারী একটি মিডল্ স্কুলের অফার লেটার পাবে।। এই লেটারের মধ্যে থাকবে আপনার সন্তানের মিডল্ স্কুল প্রোগ্রামের অফার, আরো থাকবে অপেক্ষা-তালিকার প্রক্রিয়া সম্পর্কিত তথ্য। আপনার অফার গ্রহণ করতে আপনাকে আর কিছু করতে হবে না।

NYC Department of Education

# জেনে নিন শিক্ষার্থীরা কীভাবে মিডল্ স্কুল অফার পায়

শিক্ষার্থীরা প্রোগ্রামে চারটি মূল বিষয়ের (ফ্যাক্টরের) উপর নির্ভর করে অফার লাভ করে:

1. আপনার আবেদনের পছন্দগুলো
2. আসন সংখ্যা (লভ্যতা)
3. ভর্তিতে অগ্রাধিকার
4. ভর্তি পদ্ধতি

এই বিষয়গুলো (ফ্যাক্টরগুলো) সম্পর্কে ভালোভাবে জানলে প্রতিটি পছন্দের প্রোগ্রামে আপনার অফার পাবার সম্ভাবনা কতটুকু তা জানতে সহায়তা করবে।


**1**



**আপনার আবেদনের পছন্দগুলো**

আপনার সন্তানের আবেদনপত্রে আপনার বেছে নেওয়া প্রোগ্রামের সংখ্যা এবং কীভাবে এগুলো সারিবদ্ধ করেছেন তা গুরুত্বপূর্ণ! আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12টি প্রোগ্রাম যোগ করুন এবং আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে সেগুলো সাজান। এরপর আপনার আবেদন জমা দিন। আপনার যদি জোনভুক্ত স্কুল থাকে এবং আপনি যদি চান আপনার সন্তান সেখানে যাক, নিশ্চিত করুন আপনার আবেদনপত্রে জোনভুক্ত স্কুলটি তালিকাভুক্ত আছে। যদিও, এটিকে আপনার প্রথম পছন্দ হিসেবে তালিকাভুক্ত করতে হবে না।

**2**




**প্রোগ্রামে আসন লভ্যতা**

প্রতিটি প্রোগ্রামে একটি নির্দিষ্ট সংখ্যক আসন রয়েছে।

**3**

**একটি প্রোগ্রামে আপনার অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ**

কিছু নির্দিষ্ট গ্রুপের আবেদনকারীদের, যেমন - কিছু প্রোগ্রাম কোনো নির্দিষ্ট ডিস্ট্রিক্ট বা বরোতে বসবাসকারীদের অন্য শিক্ষার্থীদের চেয়ে ভর্তিতে বেশী অগ্রাধিকার দিয়ে থাকে। কে-8 স্কুলগুলি চলমান 5 গ্রেডের শিক্ষার্থীদেরকে ভর্তিতে অগ্রাধিকার প্রদান করে। অগ্রাধিকার গ্রুপ 1-এর সকল শিক্ষার্থীকে প্রথমে বিবেচনা করা হবে। এরপর আসন খালি থাকলে, ঐ প্রোগ্রামের অগ্রাধিকার গ্রুপ 2-এর শিক্ষার্থীদেরকে পরবর্তিতে বিবেচনা করা হবে এবং এভাবে চলতে থাকবে। প্রতিটি কর্মসূচির জন্য আপনার সন্তান কোন অগ্রাধিকারের গ্রুপে রয়েছে সেটি জানতে স্কুল পৃষ্ঠাসমূহে তালিকাভুক্ত ভর্তির অগ্রাধিকার দেখুন। ভিন্ন ভিন্ন প্রোগ্রামে আপনি ভিন্ন ভিন্ন অগ্রাধিকার গ্রুপে থাকতে পারেন।




**4**

**প্রোগ্রামের ভর্তি (অ্যাডমিশনস্) পদ্ধতি**

কিছু প্রোগ্রামে আবেদনকারীরা এলোমেলোভাবে বাছাইয়ের মাধ্যমে অফার পেয়ে থাকে। অন্যান্য প্রোগ্রামে, বাছাইয়ের মানদণ্ডের ভিত্তিতে আবেদনকারীদের মূল্যায়ন (ইভালুয়েশন) করা হয় এবং এরপর সেই মূল্যায়নের ভিত্তিতে তাদেরকে ক্রমানুযায়ী বিন্যস্ত করা হয়।

## যেসকল প্রোগ্রাম এলোমেলোভাবে বাছাই পদ্ধতি ব্যবহার করে সেগুলোর জন্যে




অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 1 অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 2

যেসব প্রোগ্রাম এলোমেলোভাবে বাছাই পদ্ধতি অনুসরণ করে, সেসব প্রোগ্রামে শিক্ষার্থীরা তাদের জন্যে এলোমেলোভাবে নির্ধারিত নম্বরের ভিত্তিতে অফার পায়। প্রোগ্রামগুলি দুটো এলোমেলো বাছাই পদ্ধতি থেকে একটি ব্যবহার করতে পারে: উন্মুক্ত অথবা সীমিত অবাছাইকৃত (আনস্ক্রীনড্)—এই প্রোগ্রামগুলি আবেদনকারীদের অ্যাকাডেমিক তথ্য বিবেচনায় নেয় না।

**আসুন একটি নমুনা প্রোগ্রাম দেখি যা উন্মুক্ত বাছাই পদ্ধতি ব্যবহার করে:**
এই প্রোগ্রামে চারটি আসন ও সাতজন আবেদনকারী রয়েছেন। যেহেতু আসনের তুলনায় আবেদনকারীর সংখ্যা বেশি, তাই সকল আবেদনকারী এই প্রোগ্রামের জন্য অফার পাবেন না।


**প্রথমে...** অগ্রাধিকার গ্রুপ 1-এর শিক্ষার্থীরা সংখ্যানুক্রমিক ভাবে একটি অফার পাবে। যেহেতু অগ্রাধিকার গ্রুপ 1-এ তিনজন শিক্ষার্থী আছে তাই এরা সবাই অফার পাবে।

**এরপর...** অগ্রাধিকার গ্রুপ 2- এর শিক্ষার্থীরা সংখ্যানুক্রমিক ভাবে একটি অফার পাবে। যেহেতু অগ্রাধিকার গ্রুপ 1-এর শিক্ষার্থীদেরকে অফার দেওয়ার পর শুধুমাত্র একটি আসন বাকি রয়েছে, তাই অগ্রাধিকার গ্রুপ 2-এর যে শিক্ষার্থী ঐ গ্রুপের মধ্যে সংখ্যাগত ভাবে প্রথমে রয়েছে—সে অফারটি পাবে।

এখন এই প্রোগ্রামের সব আসন পূর্ণ। অগ্রাধিকার গ্রুপ 2-এর বাকি শিক্ষার্থীরা তাদের এলোমেলোভাবে প্রাপ্ত সংখ্যার ভিত্তিতে এই প্রোগ্রামে আর অফার পাবে না। এরপর এই শিক্ষার্থীরা তাদের আবেদনে উল্লিখিত পরবর্তী পছন্দের প্রোগ্রামে অফারের জন্য বিবেচিত হয়।




## আবেদনকারীদের যেসব প্রোগ্রাম ধারাক্রমিকভাবে তালিকাভুক্ত করে




অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 1 অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 2

যেসব প্রোগ্রাম আবেদনকারীদের ধারাক্রম (র‍্যাংক) করে, সেখানে শিক্ষার্থীদেরকে ভর্তির জন্য এক সেট বাছাইয়ের মাপকাঠির ভিত্তিতে মূল্যায়ন করা হয়ে থাকে, যেমন গ্রেড, টেস্ট স্কোর, উপস্থিতি, সময়ানুবর্তিতা, এবং/অথবা অ্যাকাডেমিক এবং ব্যক্তিগত আচরণ। এই প্রোগ্রামগুলি আবেদনকারীদের ধারাক্রমে সাজানোর লক্ষ্যে নিচের ভর্তি পদ্ধতিগুলির যেকোন একটি ব্যবহার করতে পারে: বাছাইকৃত(স্ক্রীনড্) , বাছাইকৃত: ভাষা, অথবা যৌগিক (কম্পোজিট) স্কোর–এই ভর্তি পদ্ধতিগুলো আবেদনকারীদের ভর্তির তথ্য বিবেচনায় নেয় না।

আসুন একটি নমুনা প্রোগ্রাম দেখি যা বাছাইকৃত (স্ক্রীনড্) ভর্তি পদ্ধতি ব্যবহার করে আবেদনকারীদের মূল্যায়ন এবং ধারাক্রমে তালিকাভুক্ত করে:
এই প্রোগ্রামে সাতজন শিক্ষার্থী আবেদন করেছেন, যার মধ্যে মাত্র চারটি আসন রয়েছে। প্রথমে, সাতজন শিক্ষার্থীর সবাইকে প্রোগ্রামের বাছাইয়ের মানদন্ড এবং ভর্তির বিধান অনুযায়ী মূল্যায়ন করা হবে। এরপর এই মূল্যায়নের ভিত্তিতে তাদের ধারাক্রম (র‍্যাংক) করা হবে।

**প্রথমত...** অগ্রাধিকার গ্রুপ 1-এর শিক্ষার্থীরা অনুক্রমিক সংখ্যা (র‍্যাংকিং নাম্বার) অনুযায়ী প্রথম অফার পাবে। যেহেতু অগ্রাধিকার গ্রুপ 1-এ দুইজন শিক্ষার্থী রয়েছে, তারা উভয়ই একটি করে অফার পাবে।

**এরপর...** অগ্রাধিকার গ্রুপ 2-এর শিক্ষার্থীরা অনুক্রমিক সংখ্যা অনুযায়ী অফার পাবে। যেহেতু অগ্রাধিকার গ্রুপ 1-এর শিক্ষার্থীদেরকে অফার প্রদানের পর দুটি আসন অবশিষ্ট রয়েছে, তাই অগ্রাধিকার গ্রুপ 2 থেকে অনুক্রমিক নম্বর (র‍্যাংকিং নাম্বার) অনুযায়ী প্রথম ও দ্বিতীয় শিক্ষার্থী একটি করে অফার পাবে।

এখন এই প্রোগ্রামের সব আসন পূর্ণ। অগ্রাধিকার গ্রুপ 2-এর অবশিষ্ট শিক্ষার্থীরা এই প্রোগ্রামের কোন অফার পাবে না। এরপর এই শিক্ষার্থীরা তাদের আবেদনের পছন্দের তালিকা অনুযায়ী পরবর্তী প্রোগ্রামে অফারের জন্য বিবেচিত হয়।



## ভর্তি প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট থাকুন

**schools.nyc.gov/Connect** | সাইটে গিয়ে পরামর্শ পাবার এবং গুরুত্বপূর্ণ তারিখগুলো আপনাকে মনে করিয়ে দেবার জন্য মিডল্ স্কুল অ্যাডমিশনের ইমেইল তালিকায় সাইন আপ করুন।

**schools.nyc.gov/Midle** | সাইটে মিডল্ স্কুল ভর্তি, এবং সর্বশেষ হালনাগাদ ও অনুষ্ঠানাদি সম্পর্কে জানুন। আমাদের ওয়েবসাইটে মিডল্ স্কুল মেলার তারিখগুলি, সময়, এবং স্থান জেনে নিন।

- ☐ **এই হেমন্তে (ফল) মিডল স্কুল ফেয়ারে অংশ নিন।**

## স্কুল খুঁজে নিন এবং আবেদন করুন

**MySchools.nyc** | MySchools একই সাথে আপনার সন্তানের মিডল্ স্কুল অপশনগুলোর এবং তাদের জন্য এককভাবে নির্ধারিত (পারসনালাইজড্) আবেদনপত্রের একটি অনলাইন ডিরেক্টরি। আপনার কম্পিউটার অথবা ফোনে, মিডল স্কুলসমূহ সম্পর্কে অনুসন্ধান করুন, আপনার সন্তানের আবেদনের জন্য প্রোগ্রাম বেছে নিন, এবং মিডল্ স্কুলে আবেদন করুন—সব একই স্থানে!

- ☐ **সোমবার,** 2 ডিসেম্বরের **মধ্যে** মিডল্ স্কুলে আবেদন করুন.

**ডিসেম্বর 2019**

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| 1 | **2** | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | 31 | 1 | 2 | 3 | 4 |

## আপনার সহায়তায় আমরা আছি!

**মিডল্ স্কুলের ভর্তি পদ্ধতি নিয়ে প্রশ্ন আছে কি?**

- আপনার সন্তানের স্কুল কাউন্সেলরের সাথে কথা বলুন।
- আমাদের ফোন করুন **718-935-2009** -নম্বরে।
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে সাথে দেখা করুন - **schools.nyc.gov/WelcomeCenters** ওয়েবসাইট থেকে ঠিকানা ও সময়সূচি জেনে নিন।